তিন দিনের সফরে ঢাকায় আসছেন যুক্তরাজ্যের রাজপরিবারের সদস্য



যুক্তরাজ্যের রাজপরিবারের সদস্য ডাচেস অব এডিনবার্গ। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যের রাজপরিবারের সদস্য ডাচেস অব এডিনবার্গ তিন দিনের সফরে সোমবার (৯ নভেম্বর) বাংলাদেশে আসছেন। সফর শেষে বুধবার (১১ নভেম্বর) তাঁর ঢাকা ছাড়ার কথা রয়েছে।

বাংলাদেশে অবস্থানকালে ঢাকা ও কক্সবাজারে বেশ কয়েকটি কর্মসূচিতে অংশ নেবেন তিনি। সফরের অন্যতম লক্ষ্য থাকবে রোহিঙ্গা শরণার্থীদের জন্য পরিচালিত মানবিক কার্যক্রম পরিদর্শন করা। বিশেষ করে কক্সবাজারে রোহিঙ্গাদের সহায়তায় কাজ করা বিভিন্ন সংস্থার কর্মকাণ্ড ঘুরে দেখবেন ডাচেস।

এ সফরে রোহিঙ্গা জনগোষ্ঠীর সহায়তার পাশাপাশি নারী ও শিশুর সুরক্ষা এবং নারীর ক্ষমতায়নের বিষয়গুলো গুরুত্ব পাবে।

কমনওয়েলথভুক্ত দেশগুলোর সঙ্গে যুক্তরাজ্যের সম্পর্ক আরও জোরদার করা এবং মানবিক সংকট মোকাবিলায় আন্তর্জাতিক পর্যায়ে কাজ করার অংশ হিসেবে বিভিন্ন দেশ সফর করছেন ডাচেস অব এডিনবার্গ। বাংলাদেশের এই সফরও তাঁর ধারাবাহিক কর্মসূচির অংশ।

LENS ASIA